

সরকারি কলেজ
বিশ্ববিদ্যালয়ের অধীনে
নেওয়ার সিদ্ধান্ত

নির্জর প্রতিবেদক ▷

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারি কলেজগুলোকে নিকটবর্তী পাবলিক বিশ্ববিদ্যালয়ের অধীনে নেওয়ার প্রক্রিয়া শুরু করার সিদ্ধান্ত নিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। এ জন্য প্রাথমিক পদক্ষেপ হিসেবে সেমিনার করে বিশ্ববিদ্যালয় ও কলেজ কর্তৃপক্ষ এবং শিক্ষাবিদদের মতামত নেওয়া হবে। গতকাল বৃহস্পতিবার শিক্ষা মন্ত্রণালয়ে এ-সংক্রান্ত এক সভায় এ সিদ্ধান্ত হয়েছে। শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ সভায় সভাপতিত্ব করেন। শিক্ষা সচিব নজরুল ইসলাম খানসহ মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তারা সভায় উপস্থিত ছিলেন।

এ প্রসঙ্গে শিক্ষামন্ত্রী বলেন, কলেজগুলোকে পাবলিক বিশ্ববিদ্যালয়ের অধীনে নেওয়া জটিল ও সময়সাপেক্ষ ব্যাপার। বিশ্ববিদ্যালয় ও কলেজগুলোর এ ব্যাপারে প্রস্তুতি নেই। কলেজগুলো বিশ্ববিদ্যালয়ের অধীনে নিতে নিবন্ধন করতে হবে, লোকবল লাগবে। এ ছাড়া পরীক্ষা নিতে অবকাঠামো প্রয়োজন পড়বে। এ বিষয়ে সেমিনার ও ওয়ার্কশপ করে বিশ্ববিদ্যালয়-কলেজ কর্তৃপক্ষ ও শিক্ষাবিদসহ সংশ্লিষ্ট বিশেষজ্ঞদের মতামত নিতে মন্ত্রণালয়ের কর্মকর্তাদের দায়িত্ব বটন করে দেওয়া হয়েছে বলে জানান শিক্ষামন্ত্রী।

গত বছরের ৩১ আগস্ট প্রধানমন্ত্রী শেখ হাসিনা শিক্ষা মন্ত্রণালয় পরিদর্শনে গিয়ে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত ১৭৯টি সরকারি কলেজকে বিভাগীয় পর্যায়ে পাবলিক বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত করার নির্দেশনা দেন। কলেজগুলো অবশ্য এর বিরোধিতা করে আসছে।